গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৩ মে ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৩৬-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ৫ (পাঁচ) বৎসরের জন্য "গণস্বাস্থ্য ডায়ালাইসিস সেন্টার" কে Tubing Sets এবং A.V. Fistula Needle Set আমদানির ক্ষেত্রে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় উৎসে অগ্রিম আয়কর প্রদান হইতে এতদ্দ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্তসমূহ:

(ক) গণস্বাস্থ্য ডায়ালাইসিস সেন্টার কে উক্ত Ordinance এর অধীন নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে; এবং

(খ) আমদানিকৃত Tubing Sets এবং A.V. Fistula Needle Set কেবল গণস্বাস্থ্য ডায়ালাইসিস সেন্টারে চিকিৎসাধীন রোগীদের জন্য ব্যবহার করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner